



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd



কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন
অধিদপ্তরের “শ্রম পরিদর্শক
(সেফটি)” (১০ম গ্রেড) পদের
লিখিত পরীক্ষা।

বিজ্ঞপ্তি

নম্বর: ৮০.০০.০০০০.১১২.১১.০১৮.২৩ (অংশ-১)- ৫৭

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয় : শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের “শ্রম পরিদর্শক (সেফটি)” (১০ম গ্রেড) পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, কেন্দ্র, আসন বিন্যাস ও সময়সূচি এবং পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের “শ্রম পরিদর্শক (সেফটি)” (১০ম গ্রেড) পদের বাছাই (MCQ type) পরীক্ষায় উত্তীর্ণ ৬১৩ জন প্রার্থীর লিখিত পরীক্ষা নিম্নোক্ত তারিখে, বর্ণিত কেন্দ্র, আসন বিন্যাস ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর	লিখিত পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থী সংখ্যা	
“শ্রম পরিদর্শক” (সেফটি) (১০ম গ্রেড) বিজ্ঞপ্তির তারিখ: ২৬ জুন ২০২৩ বিজ্ঞপ্তির নম্বর: ৪৫	তারিখ: ৩০.০৭.২০২৬ (বৃহস্পতিবার) ১২:০০ টা থেকে ৩:০০টা পর্যন্ত।	শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা- ১২০৭	সিভিল	০০০০৩৫-৮০০৯৩৫	৩৯৯ জন
			মেকানিক্যাল	০০০২৬৮-৮০০৯৫৫	৪৮ জন
			ইলেকট্রিক্যাল	০০০০১০-০০৮৭৪৪	৯৬ জন
				নন-ক্যাডার ভল্টরুম-২ এর সামনে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭	ইলেকট্রিক্যাল

০২. পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি:


- লিখিত পরীক্ষার জন্য নতুন করে কোনো প্রবেশপত্র জারি করা হবে না। প্রার্থীগণ বাছাই পরীক্ষার প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট (<http://bpsc.teletalk.com.bd>) থেকে ডাউনলোড করে প্রবেশপত্র সংগ্রহ করা যাবে।
- প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে প্রার্থীদেরকে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘণ্টা ৩০ মিনিটের মধ্যে কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে, সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে বা উত্তরপত্রে ফ্লুইড ব্যবহার করলে তার প্রার্থিতা বাতিল হবে।
- কমিশনের ২০২৬ সালের ১ম বিশেষ সভার সিদ্ধান্ত অনুযায়ী “শ্রম পরিদর্শক (সেফটি)” (১০ম গ্রেড) পদের লিখিত পরীক্ষায় প্রার্থীদের বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ জ্ঞান-২০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়-৪০ নম্বরসহ মোট ১০০ নম্বরের ০৩ (তিন) ঘণ্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি এবং স্বাক্ষর মিলিয়ে দেখা হবে। মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভূয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে।

৩/৮

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

৮. পরীক্ষা কেন্দ্রে বইপুস্তক, ব্যাগ, ভ্যানিটি ব্যাগ, মানি ব্যাগ, যেকোন ধরনের হাতঘড়ি, মোবাইল ফোন, যে কোন ধরনের অলংকার, সানগ্লাস জাতীয় চশমা, ক্রেডিট কার্ড বা কার্ড সদৃশ যে কোন বস্তু, কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৯. পরীক্ষার সময় প্রার্থীর কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না; কান খোলা রাখতে হবে।
১০. পরীক্ষায় সাইন্টিফিক ক্যালকুলেটর, প্রোগ্রামেবল ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
১১. প্রার্থীকে পরীক্ষার হলে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি পৃথক পৃথক উত্তরপত্র প্রদান করা হবে। প্রতিটি উত্তরপত্রে বিষয়ের নাম ও বিষয়কোড অবশ্যই লিখতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। পরীক্ষার্থীগণ কেবল উত্তরপত্রের লিখোকোডের ১ম অংশের প্রয়োজনীয় ঘরগুলো পূরণ করবেন; ২য় ও ৩য় অংশে কিছু লিখবেন না; লিখলে উত্তরপত্র বাতিল হবে।
১২. পরীক্ষা চলাকালীন বহিরাগত কেউ যেন কোনভাবেই পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে সে বিষয়টি পরীক্ষা হলের প্রবেশ পথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ নিশ্চিত করবেন।
১৩. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
১৪. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

- ❖ পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- ❖ চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।


২.০২.১০৭।২০২৬
দিলাওয়েজ দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)